

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৮/২০১৪

অভিযোগকারী : জনাব আ. আ. ম. একরামুল হক আসাদ  
সম্পাদক ও প্রকাশক  
নির্ভীক সংবাদ, ৫৭ পূর্ব তেজতুরী বাজার  
রহমান ম্যানশন(৪র্থ তলা)  
ফার্মগেট, ঢাকা-১২১৫।

প্রতিপক্ষ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
তালা, সাতক্ষীরা।

**সিদ্ধান্তপত্র।**  
**(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব আ. আ. ম. একরামুল হক আসাদ তার আবেদনে জানান যে, ইতোপূর্বে তার দাখিলকৃত ৯০/২০১৩ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করায় প্রার্থীত তথ্য পেতে অভিযোগকারী পুনরায় ০৫-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৪-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আ. আ. ম. একরামুল হক আসাদ হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে সেখ ফরিদ আহমেদ, অফিস সহকারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, তালা, সাতক্ষীরা কমিশনে হাজির হয়ে সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্চের করা হয়। ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। অভিযোগকারী তথ্য কমিশন বরাবরে পত্র প্রেরণপূর্বক উল্লেখ করেন যে, তিনি প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। বর্তমানে তার কোন অভিযোগ নেই বিধায় তিনি অভিযোগটি প্রত্যাহার করার আদেশ দানের অনুরোধ জানিয়েছেন।

**পর্যালোচনা।**

অভিযোগকারীর লিখিতভাবে দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ: পঃ দ্রঃ)

## সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী প্রার্থীত তথ্য পেয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহার করার জন্য আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি প্রত্যাহারের অনুমতি প্রদানসহ নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

### স্বাক্ষরিত

(অধ্যাপক ড. সাদেক হালিম)

তথ্য কমিশনার

### স্বাক্ষরিত

(মোহাম্মদ আবু তাহের)

তথ্য কমিশনার

### স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)

প্রধান তথ্য কমিশনার